# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 JANUARY 2025** **7:45—7:55**

---

১) নবিকরণযোগ্য শক্তির মাধ্যমে শক্তি ক্ষেত্রকে আত্মনির্ভরশীল করার লক্ষ্যে মুখ্যমন্ত্রীর বিলাসীপারায় ৭০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সৌরশক্তি প্রকল্পের উদ্বোধন ।

২) প্রধানমন্ত্রীর উপস্থিতিতে আগামী শনিবার গৌহাটি সরুসজাই ষ্টেডিয়ামে বাগারুম্বা নৃত্যানুষ্ঠান ।

৩) আসামের ৩টি প্রকল্পে বিশ্ব ব্যাঙ্কের অনুমোদন।

এবং

৪) উন্নত ক্রীড়া প্রশিক্ষণের জন্য ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের গৌহাটিতে অত্যাধুনিক সেটেলাইট ক্রীড়া কেন্দ্র নির্মাণের পরিকল্পনা ।

---

রাজ্যে বর্তমানে ৬শো ৮০ মেগাওয়াট সৌরশক্তি উৎপাদন হয় মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা প্রকাশ করেছেন । ধুবরী জেলার বিলাসীপারার খুদিগাওয়ে ৭০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি সৌরশক্তি প্রকল্পের উদ্বোধন করার পর সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মুখ্যমন্ত্রী এ কথা জানান । তিনি জানান যে এই প্রকল্পটি আসামকে বিদ্যুৎক্ষেত্রে আত্মনির্ভর হয়ে ওঠায় সহায়তা করবে ।

( বাইট সি এম )

প্রায় ৩শো ৫০ কোটির অধিক টাকা ব্যায়সাপেক্ষে নির্মীয়মান এই প্রকল্পটই বছরে প্রায় ১শো ৪১ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন করা ছাড়াও প্রায় ১ লক্ষ ১৫ হাজার টন কার্বন নির্গমন হ্রাস করবে । মুখ্যমন্ত্রী সোনিতপুর জেলার বরছলায় নির্মীয়মান ৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সৌরশক্তি প্রকল্পটি আগামী এপ্রিল মাসে

উদ্বোধন করার সম্ভাবনা রয়েছে বলেও প্রকাশ করেন । নবিকরণযোগ্য শক্তির মাধ্যমে আসামের শক্তি ক্ষেত্রকে আত্মনির্ভর করার প্রচেষ্টার অংশ হিসেবে এই সৌরশক্তি প্রকল্প নির্মান করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী প্রকাশ করেন ।

--------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শনিবার দুদিনের সফরসূচি নিয়ে আসাম আসছেন । গৌহাটি পৌছে ওইদিন প্রধানমন্ত্রী গৌহাটি সরুসজাই ষ্টেডিয়ামে প্রায় ১০ হাজার শিল্পীর দ্বারা পরিবেশিত বাগরুম্বা নৃত্য উপভোগ করবেন । এই অনুষ্ঠানের জন্য যাবতীয় প্রস্তুতি অব্যাহত রয়েছে । রাজ্যের বিভিন্ন স্থান থেকে ইতিমধ্যেই এই নৃত্য পরিবেশন করার জন্য শিল্পীরা গৌহাটি অভিমুখে রওয়ানা দিয়েছেন । আসামের প্রাচীন ঐতিহ্য বড়ো সম্প্রদায়ের বাগারুম্বা নৃত্য বিশ্বব্যাপী প্রসারের উদ্দেশ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলে সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের মন্ত্রী বিমল বরা আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী আগামী রবিবার কলিয়াবরের মৌসন্দা মাঠে একটি জনসভায় অংশ গ্রহণ করবেন এই সভায় কলিয়াবর থেকে বোকাঘাট পর্যন্ত ৬ হাজার ৯শো ৫৭ কোটি টাকা ব্যায়সাপেক্ষে নির্মীয়মান কাজিরাঙ্গা এলিভেটেট করিডোরের শিলান্যাস করবেন । মন্ত্রী পীযুষ হাজারিকা , কেশব মহন্ত , সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা এবং আসাম পুলিশের সঞ্চালক প্রধান হরমিত সিং আজ প্রধানমন্ত্রীর জনসভাস্থল পরিদর্শন করে সেখানকার কাজ-কর্মের অগ্রগতি খতিয়ে দেখেন । প্রধানমন্ত্রী শ্রী মোদী এই সফরের সময় ডিব্রুগড় থেকে লক্ষ্ণৌর গোমটি পর্যন্ত এবং গৌহাটি থেকে নতুন দিল্লীর রাউটা পর্যন্ত চলাচলকারী দুটি রেল যাত্রারও সূচনা করবেন ।

--------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারতের বৈচিত্র্যই গণতন্ত্রের শক্তি হিসেবে পরিগণিত হয়েছে । তিনি বলেন যে ভারতে গণতন্ত্রের মানে হচ্ছে সমাজের শেষ ব্যক্তিকেও সেবা প্রদান করা এবং সরকার কোনধরণের বৈষম্য ছাড়াই প্রত্যেক ব্যক্তির কল্যাণের মনোভাব নিয়ে কাজ করে যাচ্ছে ।আজ নতুনদিল্লীর সংবিধান ভবনে কমনওয়েলথ দেশ সমুহের সংসদের অধ্যক্ষ এবং সভাপতিদের ২৮ তম অধিবেশনের সূচনা করে প্রধানমন্ত্রী একথা বলেন ।বিগত কয়েকবছরে দেশের প্রায় ২৫ কোটি লোক দরিদ্রতার কবল থেকে মুক্ত হয়েছে বলে শ্রী মোদী মন্তব্য করেন ।

অধিবেশনে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন যে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং সামাজিক মাধ্যমগুলোর গণতান্ত্রিক প্রতিষ্ঠান সমুহের দক্ষতা এবং সমর্থ বৃদ্ধির ক্ষেত্রে সহায়তা করছে তবে অপপ্রচার , সাইবার অপরাধ ,এবং সামাজিক বিভাজনের মতো গুরুতর

প্রত্যাহ্বানের ও সৃষ্টি করছে ।তিনি বলেন যে এই প্রত্যাহ্বানগুলোর কথা গুরুত্ব সহকারে বিবেচনা করে এর যথাযথ সমাধান বের করা সকলের দায়িত্ব।

----------------------------------------------------------------------------------------

আগামী ২৬ জানুয়ারী নতুন দিল্লীর কর্তব্যপথে অনুষ্ঠেয় ৭৭তম সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে অংশ গ্রহণ করার উদ্দেশ্যে আসামের প্রতীকপটযোগে ধুবরী জেলার আশারীকান্দি গ্রামের  মাটির শিল্প প্রদর্শন করা হবে । সরকারী সূত্রে জানানো হয়েছে যে আত্মনির্ভর ভারতের বিষয়বস্তু দিয়ে সাজিয়ে তোলা এই প্রতীকপটের মাধ্যমে আশারীকান্দির শিল্পীদের দৈনন্দিন জীবন , তাদের ব্যবহার করা কাঁচা সামগ্রী এবং উৎপাদিত সামগ্রী সহ রাজ্যের গ্রামাঞ্চলের সঙ্গে যুক্ত সাংস্কৃতিক উৎপাদন সমূহ প্রদর্শন করা হবে । এই প্রতীকপটের জন্য আনুমানিক ৪৫ থেকে ৫০ লক্ষ টাকা ধার্য করা হয়েছে । উল্লেখ্য যে ধুবরীর দেবীতোলা খন্ড উন্নয়ন এলাকার অধীন আশারীকান্দি নামের ছোট্ট গ্রামটি মৃৎ শিল্পের জন্য বিখ্যাত ।

----------------------------------------------------------------------------------------

আজ ৭৮ তম সেনা দিবস ।এ উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারতীয় সনাবাহিনীকে শুভেচ্ছা জানিয়েছেন ।সামাজিক মাধ্যমে এক পোষ্টে রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু বলেছেন ভারতীয় সেনাবাহিনী দেশের ঐক্য , সার্বভৌমত্ব এবং অখন্ডতা রক্ষায় অবিচল , তারা দেশের সীমান্ত সুরক্ষার পাশাপাশি দূর্যোগ ও মানবিক সংকটের সময় গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে চলেছে ।

উপরাষ্ট্রপতি শ্রী রাধাকৃষ্ণন প্রত্যেক সেনা কর্মীকে অভিবাদন জানিয়ে বলেন তাঁদের নিঃস্বার্থ সেবা এবং আত্মত্যাগ স্মরণীয় হয়ে থাকবে ।

সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে নিঃস্বার্থ সেবার প্রতীক হিসেবে দাঁড়িয়ে প্রতিকূল পরিস্থিতিতে দেশকে রক্ষাকরা ভারতীয় সেনা বাহিনীর সাহস এবং দৃঢ় অঙ্গীকারকে গোটা দেশ স্যালুট জানায় ।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংও সেনা দিবস উপলক্ষে সেনাবাহিনীর জওয়ানদের শুভেচ্ছা জানিয়ে তাঁদের অদম্য সাহস ও আত্মত্যাগের প্রশংশা করেছেন ।

----------------------------------------------------------------------------------------

বিশ্ব বেংক রাজ্যের প্রশাসন ব্যবস্থার উন্নয়ন , সবধরণের আবহাওয়া অনুকূল পরিকাঠামো নির্মাণ এবং সেবা প্রদান প্রক্রিয়া সহজ করে তোলা সহ ৪০ লক্ষ শিক্ষার্থীর দক্ষতা বিকাশের উদ্দেশ্যে তিনটি প্রকল্পে অনুমোদন জানিয়েছে । বিশ্ব বেংকের কার্যবাহী সঞ্চালক পল প্রসি জানিয়েছেন যে আসাম দূর্যোগ অনুকূল পথ উন্নয়ন প্রকল্প

বিশেষ করে পার্বত্য অঞ্চলগুলোতে সবধরণের আবহাওয়া অনুকূল পথ নির্মাণের ক্ষেত্রে সহায়তা করবে এবং জনজাতীয় তথা গ্রামাঞ্চলের যাত্রীদের যাত্রার সময় হ্রাস করার ক্ষেত্রে সহায়ক হবে । এই প্রকল্প উত্তরপূর্বাঞ্চলের যাতায়াত ও পরিবহন ব্যবস্থা শক্তিশালী করে তুলবে । এই প্রকল্প রাজ্যের ৫০ হাজারেরও বেশী যুবক যুবতির জন্য কর্মসংস্থানের পথ প্রশস্ত করবে । অনুরূপভাবে আসাম বিদ্যালয় শিক্ষা এবং কিশোর কল্যাণ প্রকল্পের অধীনে রাজ্যের প্রাথমিক বিদ্যালয়ের ২০ লক্ষ ছাত্রছাত্রীর ফলাফল উন্নত করার ক্ষেত্রে সহায়তা করবে এবং ২০ লক্ষ যুবক যূবতীর কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হবে । এছাড়া আসাম প্রশাসন এবং সেবা প্রদান কার্যসূচী আবন্টিত এবং জনসম্পদের ব্যয় , প্রশাসনিক সেবা প্রদান প্রক্রিয়া এবং ডাটা প্রণালী সহ অর্থনৈতিক ব্যবস্থা শক্তিশালী করে তুলবে ।

---------------------------------------------------------------------------------

ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগ ওলিম্পিক খেলোয়াড়দের প্রশিক্ষণ দিয়ে দেশের বিখ্যাত সংস্থা ইনস্পায়ার ক্রীড়া প্রতিষ্ঠানের সহযোগিতায় গৌহাটিতে একটি অত্যাধুনিক সেটেলাইট ক্রীড়া কেন্দ্র নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে । রাজ্যের প্রতিভাবান যুব খেলোয়াড়দের উন্নত তথা আধুনিক ক্রীড়া প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । ক্রীড়া বিভাগ এবং ইন্সপায়ার প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে পরিচালিত এই কেন্দ্রের মাধ্যমে প্রথম পর্যায়ে এথলেটিক্স , আর্চারী , টাইকন্ডো , টেবিল টেনিস , লন টেনিস , দাবা এবং সুইমিং-এর শিবিরের আয়োজন করা হয়েছে । দবা খেলোয়াড়দের জন্য আগামীকাল থেকে অনুষ্ঠেয় শিবিরে দেশের ওলিম্পিক কার্যসূচি অনুযায়ী দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ ব্যবস্থায় গুরুত্ব আরোপ করে প্রদর্শনের ভিত্তিতে তাদের চিহ্নীতকরণ এবং উন্নয়নের জন্য উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা হবে ।

---------------------------------------------------------------------------------

ভারতীয় সেনা দিবস উদযাপনের অংশ হিসেবে রাষ্ট্রীয় পথ সুরক্ষা মাস-২০২৬ উপলক্ষ্যে আজ কাছাড় জেলার মাছিমপুর সেনা ছাউনী থেকে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য বাইক র‍্যালীর সূচনা করেন । ভারতীয় জনতা পার্টির কাছাড় জেলা কমিটির উদ্যোগে আয়োজিত পথের বার্তা -পথে যাত্রা শীর্ষক এই পথ সুরক্ষা বাইক র‍্যালীতে সাংসদের সঙ্গে বিজেপির জেলা সভাপতি রূপম সাহা সহ দলীয় কর্মী-সর্মথকরা অংশগ্রহন করেন । এই বাইক র‍্যালীটি শিলচর লোকসভা কেন্দ্রের অর্ন্তগত ১৬২টি গ্রাম পঞ্চায়েত , একটি নিগম ও দুটি পৌরসভা ঘুরে সচেতনতার বার্তা প্রেরন করবে । বাইক র‍্যালীর সূচনা করে সাংসদ শ্রীশুক্লবৈদ্য বলেন ------

বাইট

-----------------------------------------------------------------------------------

বিধায়ক বিজয় মালাকার আজ শ্রীভূমি জেলার রামকৃষ্ণনগর পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের কমলাটিলা এলাকায় মূখ্যমন্ত্রী  পাকা পথ নির্মান প্রকল্পের অধীনে ৯৬ লক্ষ টাকা ব্যায়ে একটি নতুন সড়ক নির্মানের কাজের সূচনা করেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রী মালাকার বলেন যে মূখ্যমন্ত্রী পাকা পথ নির্মান প্রকল্পের অধীনে গ্রামের প্রত্যন্ত এলাকার কাঁচা সড়ক পাকা সড়কে রূপান্তরিত করা হয় । এই প্রকল্পের উদ্দেশ্যে হল যাতায়াত ব্যবস্থা উন্নত করা এবং গ্রামাঞ্চলের সঙ্গে শহর ও বাজারের সংযোগ সুদৃঢ় করা ।

-----------------------------------------------------------------------------------